গাংনীতে পিএসকেএসের উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

গাংনীর বেসরকারি সংস্থা পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির উদ্যোগে অসহায় শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়নে শীত নিবারণের জন্য দুই শতাধিক দরিদ্র প্রবীণদের মাঝে শীতবস্ত্র (কম্বল) বিতরণ করা হয়।

শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির উপ পরিচালক মোঃ কামরুল আলম, উপজেলা কর্মসূচি সমন্বয়কারী মোঃ জাহিদুল ইসলাম, সহকারী উপজেলা কর্মসূচি সমন্বয়কারী মোঃ রাকিবুল ইসলাম, শাখা ব্যবস্থাপক মোঃ আবুল কালাম আজাদ, কাজিপুর ইউনিয়ন প্রবীণ কমিটির সভাপতিসহ আরো অনেকে।

এদিকে গাংনী উপজেলার ভাটপাড়া গ্রামের অসহায় ১৫ জন মানুষের মাঝে কম্বল বিতরণ করে সংস্থাটি।

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি প্রতিষ্ঠাকাল থেকে দরিদ্র অসহায় মানুষের জীবন মান উন্নয়নসহ দরিদ্রের পাশে দাঁড়িয়ে সেবা দিয়ে আসছে।

ঝিনাইদহে আনসার-ভিডিপি সদস্যদের মাঝে শীতবস্ত্র বিতরণ

পৌষের শুরুতে তীব্র শীত আর হিমেল হাওয়া কাঁপছে দেশ। তীব্র শীতে অসহায় দুস্থদের একই উষ্ণতা দিতে ঝিনাইদহ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর পক্ষ থেকে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

আজ মঙ্গলবার দুপুরে ঝিনাইদহ আনসার অফিসে জেলার দুস্থ ও শীতার্ত আনসার-ভিডিপি সদস্যদের মাঝে এ শীতবস্ত্র বিতরণে করেন আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী খুলনা রেঞ্জের উপ-মহাপরিচালক নুরুল

হাসান ফরিদী।

অনুষ্ঠানে জেলা কমাড্যান্ট মিজানুর রহমানসহ জেলার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এ সময় আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মহাপরিচালকের উদ্যোগে দেশব্যাপী শীতবস্ত্র বিতরণ কার্যক্রমের আওতায় জেলার ৬ উপজেলার দুই শতাধিক আনসার ও ভিডিপি সদস্যদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়। তীব্র শীতে শীতবস্ত্র পেয়ে সন্তুষ্টি প্রকাশ করেন আনসার সদস্যরা।

ঝিনাইদহে হাসনাত ফাউন্ডেশনের উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

মহান বিজয় দিবস উপলক্ষে ঝিনাইদহে সুবিধাবঞ্চিত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

আজ সোমবার(১৬ ডিসেম্বর) সকাল ১১ টার দিকে শহরের আদর্শপাড়া এলাকায় হাসনাত ফাউন্ডেশনের উদ্যোগে এ শীতবস্ত্র বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, জেলা সেনা কল্যাণ সমিতির সাধারণ সম্পাদক শমসের আলী, হাসনাত ফাউন্ডেশনের উপদেষ্টা রাফসান আলী, সহ-সভাপতি ইমরান হোসেন, মো. ইমন, কোষাধ্যক্ষ কামরুল ইসলাম জিসান।

এ সময় জেলা শহরের বিভিন্ন এলাকা থেকে আসা সহস্রাধিক সুবিধাবঞ্চিত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়।

গাংনীতে আশ্রয় নারী উন্নয়ন সংস্থার উদ্যোগে শীতার্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ

“ভাল থাকা ও ভালো রাখা” শ্লোগান নিয়ে গাংনীতে “আশ্রয় নারী কল্যাণ সংস্থা”র উদ্যোগে অসহায় শীতার্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

আজ মঙ্গলবার (১৩ ফেব্রুয়ারি) দুপুরে গাংনী উপজেলার হিজলবাড়িয়া গ্রামে সংস্থার কার্যালয়ে সাহারবাটি ইউনিয়নের শতাধিক অসহায় দরিদ্র নারী পুরুষের মাঝে এই শীতবস্ত্র বিতরণ করা হয়।

আশ্রয় নারী উন্নয়ন সংস্থা’ র সহসভাপতি ঝুমুর আক্তারের সভাপতিত্বে অনুষ্ঠিত শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা।

বিশেষ অতিথি ছিলেন গাংনী সরকারি ডিগ্রী কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম, গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার (পিআইও) নিরাঞ্জন চক্রবর্তী, গাংনী উপজেলা মহিলা বিষয়ক অফিসার নাছিমা খাতুন, উপজেলা সমাজ সেবা অফিসার আরশাদ আলী।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সংস্থার নির্বাহী পরিচালক আজিজুল হক রানু।

আশ্রয় নারী উন্নয়ন সংস্থার সাধারণ সম্পাদক রাহিয়া রাহির সঞ্চালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সাহারবাটি ইউনিয়ন পরিষদের ৫ নং ওয়ার্ডের সদস্য (মেম্বর) রিপন হোসেন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাবেক সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা বলেন, নিজ নিজ যায়গা থেকে অসহায় মানুষের পাশে দাঁড়ানোর উচিৎ। শুধু সরকারি সাহায্য সহযোগীতা নয়, অসহায় দরিদ্র মানুষের পাশে দাঁড়াতে সমাজের বিত্তবানদের এগিয়ে আসতে হবে। টাকার দিক দিয়ে নয়, যারা মনের দিক থেকে বড় তাদেরকেই বড় হিসেবে দেখতে হবে।

প্রধান অতিথি প্রীতম সাহা আরও বলেন, আমাদের সন্তানদের লেখাপড়া

শেখাতে হবে। তারাও যেনো বড় হয়ে মানুষের পাশে দাঁড়াতে পারে। নিজ নিজ সন্তানকে মাদক, ইভিটিজিং, সন্ত্রাস ও বাল্য বিবাহমুক্ত রাখার অনুরোধ করেন তিনি এবং সবাই মিলে গাংনীকে বাসযোগ্য, মানবিক ও সুন্দর উপজেলা গড়ে তুলতে হবে বলে জানান।

উল্লেখ, আশ্রয় নারী উন্নয়ন সংস্থা ও উপজেলা প্রশাসনের উদ্যোগে সাহারবাটি ইউনিয়নের শতাধিক অসহায় দরিদ্র নারী পুরুষের মাঝে এই শীতবস্ত্র বিতরণ করা হয়।

বঙ্গবন্ধু কৃষক, শ্রমিক খেটে খাওয়া মানুষকে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছেন- এমপি সাগর

মেহেরপুর-২ (গাংনী) আসনের জাতীয় সংসদ সদস্য ডাক্তার এএসএম নাজমুল হক সাগর বলেছেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এদেশের কৃষক, শ্রমিক খেটে খাওয়া মানুষকে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছেন। আপনারা সেই সমাজের মানুষ। বঙ্গবন্ধুর উত্তরসূরী হিসেবে আমরাও সেই সম্মান রাখতে চাই।

আজ রবিবার (১১ ফেব্রুয়ারি) দুপুরে গাংনী উপজেলা অডিটরিয়ামে ভ্যান চালকদের মাঝে চাদর বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

জাগো মেহেরপুরের আয়োজনে স্থানীয় বেসরকারি উন্নয়ন সংস্থা আশ্রয় নারী উন্নয়ন সংস্থা, বিশ্বাস পরিবার ও সচিন্দ্র বিশ্বাস ফাউন্ডেশন এই শীতবস্ত্র বিতরণ করেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাগো মেহেরপুরের আহবায়ক, বিশ্বাস পরিবারের মুখপত্র ও বিশিষ্ট সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী, গাংনী সরকারি ডিগ্রী কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম, গাংনী বাজার কমিটির সভাপতি সালাহউদ্দিন শাওন, জাগো মেহেরপুরের

মুখপাত্র শোয়েব রহমান।

জাগো মেহেরপুরের যুগ্ম আহবায়ক আব্দুল আলীমের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন আশ্রয় নারী উন্নয়ন সংস্থার পরিচালক আজিজুল হক রানু, সচিন্দ্রনাথ বিশ্বাস ফাউন্ডেশনের পরিচালক অশোক চন্দ্র বিশ্বাস প্রমুখ।

জাগো মেহেরপুরের আহবায়ক ও বিশিষ্ট সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত শীতবস্ত্র (চাদর) বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ডাক্তার এএসএম নাজমুল হক সাগর বলেন শেখ হাসিনা সরকারের বিগত তিনবারের উন্নয়ন দেখে দেশবাসী আবারও নৌকা মার্কায় ভোট দিয়েছেন। উন্নয়নের সেই ধারাবাহিকতায় বর্তমান সরকার উন্নয়ন অব্যাহত রাখবে। আর যে জাতি যত সুশৃঙ্খল, সেই জাতিই উন্নতি করবে। বিগত দিনে গাংনীর মানুষ সেটা দেখিয়েছেন। গাংনী উপজেলার প্রতিটি শ্রেনী পেশার মানুষ এখন সুশৃংখল ও দায়িত্ব শীল।

গাংনীর মানুষের চিকিৎসা ক্ষেত্রে সব সময় পাশে থাকার আশ্বাস দিয়ে প্রধান অতিথি আরও বলেন, গাংনীর মানুষের জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্েসে পুর্ণাঙ্গ সেবাদানের জন্য তৈরী করা হবে। আপদে বিপদে একে অপরের পাশে দাঁড়িয়ে সহযোগিতা করার আহবান জানান প্রধান অতিথি।

উল্লেখ্য,জাগো মেহেরপুরের উদ্যোগে মেহেরপুর শহর ও গাংনী পৌর এলাকার ৭০০ ভ্যান চালকদের মাঝে শীতবস্ত্র (চাদর) বিতরণ করা হয়েছে।

হরিণাকুণ্ডুয় বৃদ্ধাশ্রমে শীতবস্ত্র বিতরণ

মাঘের এই হিমেল হাওয়া ও কনকনে শীতে ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার জোড়াপুকুরিয়া গ্রামের বৃদ্ধা শ্রমে অসহায়, ছিন্নমূল ও দু:স্থ্য নারীদের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়েছে।

শনিবার (৩ ফেব্রুয়ারী) কাজী মোহাম্মদ আলী পিকুর আর্থিক সহযোগীতায় এবং ঝিনাইদহের স্বেচ্ছাসেবী সংগঠন স্বপ্ন সারথীর উদ্যোগে এ শীত বস্ত্র (কম্বল) বিতরণ করা হয়।

শীত বস্ত্র বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্বপ্ন সারথীর সভাপতি ড. তপন কুমার গাঙ্গুলী, সহ সভাপতি বিশিষ্ট কৌতুক অভিনেতা হুমায়ুন কবিরী টুকু, সাধারণ সম্পাদক প্রভাষক কাজী মোহাম্মদ আলী পিকু, কার্যকরী সদস্য সাংবাদিক মোঃ শাহানুর আলম, কার্যকরি সোহেল রানা ও বৃদ্ধাশ্রমের প্রতিষ্ঠাতা ইসমত আরা।

সেসময় প্রায় শতাধিক অসহায়, ছিন্নমূল, গরীব ও দু:স্থ্য মানুষদের মাঝে কম্বল বিতরণ করা হয়। শীত বস্ত্র (কম্বল) পেয়ে বৃদ্ধাশ্রমের অসহায় মানুষগুলো সন্তুষ্টি প্রকাশ করেন।

দামুড়হুদায় ওরা বন্ধু সংঘ’র পক্ষ থেকে শীতবস্ত্র বিতরণ

দামুড়হুদায় ওরা বন্ধু সংঘ’র উদ্যোগে “উষ্ণতার ছোঁয়ায় আমরা,এই শীতে শীতবস্ত্র নিয়ে আপনাদের পাশে” স্লোগানকে ধারণ করে বিগত বছরগুলোর ন্যায় এ বছরেও শীতার্ত বিধবা, গরীব, দুস্থ ও অসহায়দের মাঝে শীত বস্ত্র বিতরণ করেছেন। উপজেলার চারটি ইউনিয়নের অর্ধশতাধিক মানুষের মধ্যে শীত নিবারনের জন্য শীতবস্ত্র(কম্বল) বিতরণ করা হয়। এতে শীতার্ত ওই মানুষগুলোর মুখে ফুটেছে হাসি।

আজ শনিবার দুপুর আড়াইটার দিকে প্রতিষ্ঠানটির অস্থায়ী কার্যালয়ে ওই শীতবস্ত্র বিতরণ কর্মসূচি পালন করা হয়।

ওরা বন্ধু সংঘ’র” প্রতিষ্ঠাতা সভাপতি সাংবাদিক মুরশেদ বীন ফয়সাল(তানজীর) এর সভাপতিত্বে বিতরণ কালে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা শ্রমিকলীগের সভাপতি বিশিষ্ট সমাজ সেবক হাজী মো.আব্দুল কাদির।

শীতার্ত অসহায় মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ সত্যিই আনন্দের এমন

কাছে রং বাহারির পোশাক গায়ে জড়ানো, আবার কারো কারো কাছে বেঁচে থাকার লড়াই। এই শীতে উপস্থিত সহ তাদের পরিবারের শিশু ও বৃদ্ধাদের বাড়তি যত্ন নেওয়ার আহ্বান জানিয়ে তিনি উপস্থিত সকলের নিকট যাদের সহযোগিতায় শীতবস্ত্র বিতরণ করতে পারছি তাদের ও তদের পরিবারের জন্য দোয়া কামনা করেন।

আলমডাঙ্গায় শীতবস্ত্র বিতরণ

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের সহায়তায় ও আলাউদ্দিন আহমেদ পাঠাগারের উদ্যোগে দুস্থ শীতার্থ মানুষের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়েছে। আজ রোববার বিকেলে আলাউদ্দিন আহমেদ পাঠাগারের শাখা কার্যালয়ে এ শীত বস্ত্র বিতরণ করা হয়।

অনুষ্টানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস।

আলাউদ্দিন আহমেদ পাঠাগারের পরিচালক কবি গোলাম রহমান চৌধুরির সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার,উপজেলা প্রকল্প কর্মকর্তা এনামুল হক,আলমডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি ওমর আলী মাষ্টার,সাধারণ সম্পাদক কবি,সাহিত্যিক নাট্যকার হামিদুল ইসলাম,গাঙচিল সাহিত্য সাংস্কৃতিক পরিষদের সম্পাদক কবি হাবিবুর রহমান মজুমদার,লিটন চানাচুর ফ্যাক্টরির মালিক হাজী লিটন মিয়া,কবি আব্দুল খালেক,কবি জোয়াদ আলী মন্ডল,বিশারত মন্ডল,বিশিষ্ট ব্যবসায়ি আবুল কালাম আজাদ,সানবিম ক্যাডেট একাডেমীর শিক্ষক বাবু,আমজাদ হোসেন প্রমুখ।

উপজেলা নির্বাহী অফিসার আলাউদ্দিন আহমেদ পাঠাগারে এসে পৌছালে তাঁকে ফুলের তোড়া দিয়ে বরণ করে নেওয়া হয়। পরে শীতার্থ মানুষের মাঝে শীত বস্ত্র বিতরণ করেন প্রধান অতিথি স্নিগ্ধা দাস।এ সময় প্রধান বলেন, চুয়াডাঙ্গা জেলায় সর্বনিম্ম তাপ মাত্রা চলছে।

গরীব দুঃস্থ মানুষ শীতে কষ্ট পাচ্ছে।আমরা প্রশাসনের মাধ্যমে যতটুকু সম্ভব দিয়ে যাচ্ছি।সমাজের বিত্তবানরা যদি এগিয়ে আসেন

তাহলে প্রচন্ড শীতে যারা কষ্ট পাচ্ছেন তাদের কষ্ট কিছুটা হলেও লাঘব হবে।

এখানে কবি গোলাম রহামন প্রতিবছর এই প্রতিষ্ঠানের মাধ্যমে শীতবস্ত্র বিতরণ করেন বলে জানতে পারলাম,তাই তার শীত বস্ত্রের সাথে সরকারি ত্রাণের কম্বল বিতরণ করা হল।

মেহেরপুরে শাহজালাল ইসলামী ব্যাংকের উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

শাহজালাল ইসলামী ব্যাংক ফাউন্ডেশনের সিএসআর কার্যক্রমের অংশ হিসেবে মেহেরপুর জেলা শাখার উদ্যোগে এতিমখানার এতিম ও দুস্থ অসহায় শিশু এবং সহায়-সম্বলহীন শীতার্থ মানুষদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

শনিবার (১৩ জানুয়ারি) বেলা ১১ টার দিকে শাহজালাল ইসলামী ব্যাংক মেহেরপুর জেলা শাখায় এ শীতবস্ত্র বিতরণ করা হয়। শাখা ব্যবস্থাপক মীর তৌহিদ আহম্মেদের নেতৃত্বে মোট ২ শত এতিম ও দুস্থ অসহায় শিশু এবং শীতার্থ মানুষদের মাঝে কম্বল বিতরন করা হয়।

জামিউল কুরআন মডেল মাদ্রাসা ও হিফজখানার ২৫ জন,বারাদি মদিনাতুল উলুম করমিয়া মাদ্রাসার ২০ জন,শিশিরপাড়া নূরানী হাফেজী মাদ্রাসা এতিমখানা ও লিল্লাহ বোর্ডিং এর ২০ জন এতিম ও অসহায় শিশু এবং বাকি ১৩৫ টি কম্বল সহায়-সম্বলহীন শীতার্তদের মাঝে বিতরণ করা হয়।

এসময় ব্যাংকের সহকারী ব্যবস্থাপক ফারুক হোসেনসহ বিশিষ্ট ব্যবসায়ী,এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ,মাদ্রাসা ও এতিমখানার শিক্ষকবৃন্দ এবং ব্যাংকের অন্যান্য কর্মকর্তা কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীতে কাথুলী ব্লাড ফাউন্ডেশনের উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

গাংনীর কাথুলী ইউনিয়নে কাথুলী ব্লাড ফাউন্ডেশনের পক্ষ থেকে শীত বস্ত্র বিতরণ করা হয়েছে।

আজ সোমবার বিকেল ৩ টা সময় কাথুলীর ধলা মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গনে শীত বস্ত্র বিতরণ কার্যক্রম অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

শীত বস্ত্র বিতরণ কার্যক্রমে এলাকার ২০০ জন অসহায় দুস্থ মানুষের মাঝে ১ টি করে কম্বল দিয়ে স্বেচ্ছাসেবী সংগঠন কাথুলী ব্লাড ফাউন্ডেশন ভালোবাসা বিনিময় করেন।

ইয়ূথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশের ৩ দিনের প্রশিক্ষণ গ্রহন করে তার অনুপ্রেরণায় এক ঝাক তরুণ ছেলে মেয়ে এই সংগঠন প্রতিষ্ঠিত করে। যা আজকে ১ বছর পূর্তি হলো।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ধলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ার হোসেন, ব্লাড ব্যাংক ফাউন্ডেশনের সভাপতি বাশারুল ইসলাম, প্রধান উপদেষ্টা নাছিম আহম্মেদ, উপদেষ্টা ও ইয়ূথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশের যশোর অঞ্চলের আঞ্চলিক সমন্বয়কারী ফিরোজ আহম্মেদ পলাশ, অনলাইন কার্যক্রম উপদেষ্টা ফারজানা দ্বীপা, সাবেক ইউ পি সদস্য ভাবিরন নেছা, মোশারোফ হোসেন, ইউনিয়ন ভোলেন্টিয়ার ফোরামের সভাপতি মফিজুর রহমান,সহ কাথুলী ব্লাড ফাউন্ডেশনের সকল এক্টিভ সদস্য বৃন্দ।

এ বিষয়ে কাথুলী ব্লাড ফাউন্ডেশন এর সভাপতি বাশারুল ইসলাম বলেন ১ বছরে এই সংগঠন ৩ ৯৬ ব্যাগ রক্ত দিতে সক্ষম হয়েছে।এবং কাথুলী ব্লাড ফাউন্ডেশন ইতিমধ্যে নিজের জেলা ছাড়াও রাজশাহী, ঢাকা ,কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, জোন নিয়ে কার্যক্রম পরিচালনা করছেন।

পাশাপাশি আশেপাশের অসহায় গরীব দুঃখী মানুষের পাশে থেকে কাজ করে

যাচ্ছে এই সংগঠন। সকলের ভালোবাসা পেলে আরো এগিয়ে যাবে বলে আশা রাখছি।